

from: eight seasons

post autumn

i did not invent the
trees but learnt their

names gave your's
to some they did not
object and repeated it
in the wind even
the wind carries it well
from tree to tree to you.

শরৎকালের পর

আমি গাছ মিথ্যে-মিথ্যে
বানাইনি শিখেছি তাদের

নাম দিয়েছি তোমার নাম
তাদের তারা আপত্তি
করেনি আর বার-বার
বাতাসে বলেছে তোমার নাম
কি অনায়াসে হাওয়া নিয়ে গেছে
গাছ থেকে গাছে তোমার কাছে

from: a round dance

beatrice i sing when no one hears me
i devise¹ names for you with a soft voice
i am well beatrice thank you i hum
and don't just carry you on my lips with
full lungs i expel you from within me and
love you in my remembrance as a high note²
in the head in the ear i hear³ you beatrice

বিয়ত্রিচে আমি গাই যখন কেউ শোনে না
মৃদু গলায় আমি তৈরী করি তোমার জন্য কত নাম
আমি ভালো আছি বিয়ত্রিচে আর তুমি আমি গুনগুনাই
আর তোমাকে শুধু ঠোঁটে রাখি না প্রাণ
খুলে বুক ফাটিয়ে আমি তোমায় ভেতর থেকে
গাই আর ভালোবাসি মনে রাখি তোমার সুর
কর্ণে মস্তিষ্কে আমি তোমায় শুনি বিয়ত্রিচে

¹ /invent/imagine/dream

² /tone/

³ /love you and remember you as a high note that reverberates in my head and ear and that is how i listen to you
Beatrice

norma and i that is a poem
a mesh a thicket in which there
is room only for norma and me
norma and i slash⁴ our way through
the poem and pitch a tent in the clearing⁵
norma and i sleep close our
tent is of words that mean us

নর্মা আর আমি একটি কবিতা
একটি জাল একটি ঝোপ যেখানে
জায়গা আছে শুধু নর্মা আর আমার জন্য
নর্মা আর আমি রাস্তা কেটে-কেটে বেরিয়ে আসি
কবিতা থেকে আর খোলা জায়গায় তাঁবু খাটাই
নর্মা আর আমি ঘুমাই আর বন্ধ করি আমাদের
শব্দের তাঁবু যার মানে আমরা

⁴ fight/hack

⁵ light

zoe you have lost an earring
i stroke the grass like a sleeping beast
zoe you have lost an earring
i comb the grass like you comb your hair
zoe i can't find your earring
i grope in the grass that is grey by night
zoe your earring must be somewhere else
i have knelt for so long in the darkness before you
zoe the air smells of earth
i search in vain the soil is soft
zoe your earring maybe lost forever
i can find only twigs and stones in the grass
zoe just have a little more patience
i stay on my knees and i search for your sake
zoe you have lost an earring
i will not give up till you have it again
zoe you bend down and help with the search
i find the earring in your hair

zoe তুমি কানের দুল হারিয়েছ
আমি ঘাসের গায়ে হাত বুলাই যেন ঘুমন্ত পশু
zoe তুমি কানের দুল হারিয়েছ
আমি ঘাস আঁচড়াই যেমন তুমি তোমার চুল
zoe আমি তোমার কানের দুল খুঁজে পাচ্ছি না
আমি অন্ধের মতো হাতড়াই সেই রাত্তিরে ধূসর ঘাস
zoe তোমার কানের দুল নিশ্চই অন্য কোথাও
আমি অন্ধকারে তোমার সামনে কতক্ষণ বসে আছি হাঁটু গেড়ে
zoe বাতাসে মাটির গন্ধ
আমি বৃথা খুঁজে যাই মাটিটা নরম
zoe হয়তো তোমার কানের দুল সত্যি হারিয়ে গেছে
আমি শুধু কাঠি আর পাথর খুঁজে পাই ঘাসে
zoe আর একটু ধৈর্য রাখো
আমি হাঁটু গেড়ে থাকি আর তোমার খাতির আমি খুঁজি
zoe তুমি কানের দুল হারিয়েছ
আমি হার মানবো না যতক্ষণ না তুমি ওটা ফিরে পাও
zoe তুমি ঝুঁকে সাহায্য কর খোঁজে
আমি কানের দুল খুঁজে পাই তোমার চুলে

Poems by Raphael Urweider
Translations by Sampurna Chattarji

lea when i look at the moon
that is slowly becoming full
i do not think of you the
moon has nothing in common
with you lea its pale its craggy
its light bone-white surface does
not resemble you in the least and
still dear lea i think of you whether
or not i see the slow full moon
because even before i saw it lea
most of all i was thinking of you

লিয়া আমি যখন চাঁদ দেখি
আস্বে-আস্বে হয়ে উঠছে পূর্ণিমার চাঁদ
তখন তোমার কথা ভাবি না চাঁদে
কি আছে লিয়া যেটা তোমার নেই তার স্নান
শিলাময় হালকা হাড়-সাদা চেহারার সাথে
তোমার একটুকু মিল নেই আর তাও আমি
তোমার কথা ভাবি ওগো লিয়া সেই ধীর
স্বীর পূর্ণিমার চাঁদ দেখি বা না দেখি
কারণ সেটা দেখার আগেই লিয়া
আমি শুধু তোমার কথাই ভাবছিলাম

Poems by Raphael Urweider
Translations by Sampurna Chattarji

magdalena you may not know
how to work the washing machine
but you do know what's what
I for instance mean something to you

and that makes about as much sense for you
as it makes me into some thing so
the fact of the matter is magdalena
if I may now think of myself as a thing

I can then say that there are things
you don't know how to work
and I take that to mean that you also
wouldn't know how to work me

all things being washing machines
but magdalena we are not we say
happily we other things we
are ready to help please help yourself

মাগডালেনা তুমি হয়তো
ওয়াশিং মেশিন চালাতে জানো না
কিন্তু তুমি অন্য অনেক কিছু ভালো করেই জানো
যেমন ধরো আমি তোমার কেউ হই

আর তুমি এটা ঠিক ওই ভাবে জানো যে ভাবে তোমার
এই জানায় আমি একটা জিনিস হয়ে যাই
আসল জিনিস কি জানো মাগডালেনা
আমি যদি মনে করি আমি একটা জিনিস

তাহলে আমি এটাও বলতে পারি এমন জিনিস
আছে যেগুলো তুমি চালাতে জানো না
আর তার মানে এই দাঁড়ালো
আমাকে কি ভাবে চালাতে হয় সেটাও তুমি জানবে না

ধরো সব জিনিসই ওয়াশিং মেশিন
মাগডালেনা আমরা তো নই আমরা খুশি হয়ে
বলি আমরা অন্য জিনিস আমরা
সেবায় হাজির প্লীজ আমাদের চালাও